BICM
Endeavour Education Excellence

# বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

৩৪, তোপখানা রোড,বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা), ঢাকা-১০০০

80

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকঃ বিআইসিএম/প্রশাসন/নিয়োগ২০১৮-১৯/০০৪/১৮-২০৫৫ তারিখঃ ২৩ অক্টোবর, ২০১৮

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তাত্ত্বিক এবং প্রায়োগিক জ্ঞান প্রসারের জন্য সরকারী অর্থায়নে পরিচালিত জাতীয় প্রতিষ্ঠান। সরকার অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ইন্সটিটিউটের শূন্য পদে স্থায়ী পদে নিয়োগের জন্য সরকার অনুমোদিত আকর্ষণীয় বেতন কাঠামোতে নিম্নলিখিত পদের বিপরীতে উপযুক্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

অনুমোদিত

| ক্রমিক নম্বর | পদের নাম, বয়স সীমা ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | মাসিক বেতন |
|---|---|---|---|
| ১। | পরিচালক (স্টাডিজ) অনূর্ধ্ব ৫৫ বছর ১টি (স্থায়ী পদ) | প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ব্যাংকিং/ আইন বিষয়ে প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি সর্বমোট ০৪ (চার) বছরের অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br><br>কোন স্বনামধন্য পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে অথবা স্বনামধন্য রিসার্চ ইন্সটিটিউটে গবেষক হিসেবে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা, যার মধ্যে অধ্যাপক বা সিনিয়র রিসার্চ ফেলো বা রিসার্চ ডিরেকটর হিসেবে কমপক্ষে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>দেশী-বিদেশী স্বীকৃত জার্নালে কমপক্ষে ০৭টি মৌলিক গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br><br>শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা সমান থাকলে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) ডিগ্রী ও পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট এ প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে। | মূল বেতন ১,২০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৯৫,২৫০ টাকা এবং ড্রাইভার ও জ্বালানী সহ সার্বক্ষণিক গাড়ীর সুবিধা |
| ২। | অধ্যাপক অনূর্ধ্ব ৫০ বছর ৪টি (স্থায়ী পদ) | প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ব্যাংকিং/ আইন বিষয়ে প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br><br>(ক) প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ ব্যাংকিং/আইন বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহযোগী অধ্যাপক/ সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।<br><br>অথবা<br><br>(খ) এম.ফিল বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের শিক্ষক বা গবেষক হিসেবে ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহযোগী অধ্যাপক/ সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা।<br><br>অথবা<br>(গ) যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নেই শুধু স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে, তাঁদের বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২০ (বিশ) বছরের শিক্ষাদান বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহযোগী অধ্যাপক/ সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে ৮ (আট) বছরের | মূল বেতন ১,১০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৭৩,১০০ টাকা। |

| | | | |
|---|---|---|---|
| | | অভিজ্ঞতা।<br><br>প্রার্থীদের স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত ০৭ (সাত) টি মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে ৫ (পাঁচ) টি সহযোগী অধ্যাপক বা সিনিয়র রিসার্চ ফেলো হিসেবে শিক্ষকতা বা গবেষণা করার সময় প্রকাশিত।<br><br>অন্যান্য যোগ্যতা সমান থাকলে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ), চার্টার্ড একাউনট্যান্টস (সিএ), কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ) এবং এসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফাইড একাউনট্যান্টস (এসিসিএ) এবং চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন। পরিসংখ্যান ও গণিত বিষয়ে ফলিত পরিসংখ্যান/ফলিত গণিত ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন।<br><br>শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে, বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার শর্তাবলী শিথিল করা যেতে পারে। | |
| ৩। | সহযোগী অধ্যাপক<br>অনূর্ধ্ব ৪৫ বছর<br>২টি (স্থায়ী পদ) | প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ব্যাংকিং/আইন বিষয়ে চার বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি সর্বমোট ০৪ (চার) বছরের অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে।<br><br>(ক) প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ব্যাংকিং/আইন বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রী এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের শিক্ষাদান বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহকারী অধ্যাপক/ রিসার্চ ফেলো হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।<br><br>অথবা<br><br>(খ) এম.ফিল বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের শিক্ষক বা গবেষক হিসেবে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহকারী অধ্যাপক/ রিসার্চ ফেলো হিসেবে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা।<br><br>অথবা<br><br>(গ) যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রি নেই শুধু স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে, তাঁদের বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান বা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কাজের অভিজ্ঞতা, বা সহকারী অধ্যাপক/ রিসার্চ ফেলো হিসেবে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা।<br><br>প্রার্থীদের স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত ৫ (পাঁচ) টি মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে ০৩ (তিন) টি সহকারী অধ্যাপক বা রিসার্চ ফেলো হিসেবে শিক্ষকতা বা গবেষণা করার সময় প্রকাশিত।<br><br>অন্যান্য যোগ্যতা সমান থাকলে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ), চার্টার্ড একাউনট্যান্টস (সিএ), কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ) এবং | মূল বেতন ৮৫,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ১,৩৩,৭০০ টাকা। |

| | | | |
|---|---|---|---|
| | | এসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফাইড একাউনট্যান্টস (এসিসিএ) এবং চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন। পরিসংখ্যান ও গণিত বিষয়ে ফলিত পরিসংখ্যান/ফলিত গণিত ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন।<br><br>শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে, বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার শর্তাবলী শিথিল করা যেতে পারে। | |
| ৪। | সহকারী অধ্যাপক<br>অনূর্ধ্ব ৩৫ বৎসর<br>২টি (স্থায়ী পদ) | প্রার্থীদের ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা/অর্থনীতি/পরিসংখ্যান/গণিত/ব্যাংকিং/ আইন বিষয়ে চার বছর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে। ফিন্যান্স/ হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা/ অর্থনীতি/ পরিসংখ্যান/ গণিত/ ব্যাংকিং/ আইন বিষয়ে গবেষণা কর্ম ও শিক্ষাদানের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br><br>(ক) পি.এইচ.ডি বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের প্রভাষক বা রিসার্চ এসোসিয়েট হিসেবে ১ (এক) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক ১ (এক) টি প্রবন্ধ থাকতে হবে।<br>অথবা<br>(খ) এম.ফিল বা সমমান ডিগ্রীধারী প্রার্থীদের প্রভাষক বা রিসার্চ এসোসিয়েট হিসেবে ২ (দুই) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক ২ (দুই) টি প্রবন্ধ থাকতে হবে।<br>অথবা<br>(গ) যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রি নেই শুধু স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে, তাঁদের প্রভাষক বা রিসার্চ এসোসিয়েট হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক ০২ (দুই) টি প্রবন্ধ থাকতে হবে।<br><br>অন্যান্য যোগ্যতা সমান থাকলে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) , চার্টার্ড একাউনট্যান্টস (সিএ), কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ) এবং এসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফাইড একাউনট্যান্টস (এসিসিএ) এবং চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যানন্টস (সিআইএমএ) ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন। পরিসংখ্যান ও গণিত বিষয়ে ফলিত পরিসংখ্যান/ফলিত গণিত ডিগ্রীধারী অগ্রাধিকার পাবেন।<br><br>শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষানুসঙ্গী কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। | মূল বেতন ৬০,০০০ টাকা, অন্যান্য ভাতাদিসহ সর্বমোট ৯৪,৩০০ টাকা। |

* নির্বাচিত প্রার্থীগণ নিয়ম অনুযায়ী ইন্সটিটিউটের খরচে বিদেশে প্রশিক্ষণ এবং শিক্ষা ছুটির সুবিধা পাবেন।
* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

**শর্তাবলীঃ**

(১) আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২২ নভেম্বর, ২০১৮ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট (www.bicm.ac.bd/about/career) হতে সংগৃহীত আবেদন পত্রে নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্র সমূহ ডাকযোগে/সরাসরি নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), ৩৪ তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা) ঢাকা-১০০০ বরাবর আগামী ২২ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

(০২)প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের অনুলিপি, মার্কশীট এর অনুলিপি, ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদপত্র, অভিজ্ঞতার সদনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ।

(০৩) আবেদনপত্রের খামের উপরে ডান পাশে পদের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে।

(০৪) সরকারি, আধা-সরকারি,দপ্তর/সংস্থা, সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(০৫) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদসমূহের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর অনুলিপির সত্যায়িত কপি, সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জন্মতারিখের প্রমাণপত্র দাখিল করতে হবে।

(০৬) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(০৭) প্রার্থীকে সাক্ষাতকারের সকল সনদের ও প্রামাণিক দলিলের মূলকপি প্রদর্শন করতে হবে।

(০৮) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।

(০৯) লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(১০) কর্তৃপক্ষ পদের সংখ্যা/হ্রাস বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচনা করা হবে।

(১১) নিয়োগ সংক্রান্ত তথ্য বিআইসিএম এর ওয়েব সাইটে (www.bicm.ac.bd) এ পাওয়া যাবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নির্বাহী প্রেসিডেন্ট
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা),
৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।